

আরও ছয়টি মেডিকেল কলেজ বন্ধ হতে পারে : স্বাস্থ্যমন্ত্রী

বিশেষ প্রতিনিধি •

মেডিকেল শিক্ষার মানের ব্যাপারে কোনো সমঝোতা করা হবে না উল্লেখ করে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, দেশে চারটি কলেজ বন্ধ করা হয়েছে, প্রয়োজনে আরও ছয়টি বন্ধ করে দেওয়া হবে।

গতকাল শনিবার রাজধানীর এলজিইডি ভবনে আয়োজিত মেডিকেল শিক্ষার বর্তমান পরিস্থিতি এবং 'হেলদি বাংলাদেশ' নামের নাগরিক মার্চার উদ্বোধনী অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী এ কথা বলেন। বেসরকারি গবেষণাপ্রতিষ্ঠান পাওয়ার অ্যান্ড পার্টসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি) দিনব্যাপী দুই পর্বের এই অনুষ্ঠানের আয়োজন করে।

বিকলে 'হেলদি বাংলাদেশ'

উদ্বোধনের পর মোহাম্মদ নাসিম বলেন, বেশ কিছু মেডিকেল কলেজে গ্রহাগার ও পরীক্ষাগার নেই। হাসপাতালে রোগী থাকে না। সরকারি কর্মকর্তারা পরিদর্শনে গেলে রোগী ভাড়া করে আনা হয়। এদের কোনোটিতে শিক্ষক নেই। এখানে শিক্ষকেরা ভাড়ায় কাজ করেন। এটা চলতে পারে না। তিনি বলেন, 'মানহীন মেডিকেল কলেজ হয়তো ১০টা আছে। এ বছর চারটি বন্ধ করা হয়েছে, তাদের শিক্ষার্থী ভর্তি করতে দেওয়া হয়নি। এ থেকে শিক্ষা না নিলে অন্যগুলো বন্ধ করে দেওয়া হবে।'

আয়োজকদের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্যমন্ত্রী বলেন, মেডিকেল ভর্তি পরীক্ষা আরও উন্নত করার জন্য পরীক্ষার খাতায় কোড বা সংকেত ব্যবহার করার বিষয়টি মন্ত্রণালয় বিবেচনা করবে।